# 12598 - রোজাদারকে ইফতার করানোর ফজিলত

প্রশ্ন

রোজাদারকে ইফতার করালে কী ধরণের সওয়াব পাওয়া যায়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যায়েদ ইবনে খালেদ আল-জুহানি (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি কোন রোজাদারকে ইফতার করাবে সে রোজাদারের সম পরিমাণ সওয়াব পাবে; রোজাদারের সওয়াব থেকে একটুও কমানো হবে না।"[সুনানে তিরমিযি (৮০৭), সুনানে ইবনে মাজাহ (১৭৪৬), ইবনে হিব্বান তাঁর সহিহ গ্রন্থ (৮/২১৬) এ এবং আলবানি তাঁর 'সহিহ আল-জামে' গ্রন্থ (৬৪১৫) হাদিসটিকে 'সহিহ' বলেছেন।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া বলেন: "রোজাদারকে ইফতার করানো দ্বারা উদ্দেশ্য হচ্ছে- তাকে পেট ভরে তৃপ্ত করানো।"[আল ইখতিয়ারাত, পৃষ্ঠা-১৯]

সলফে সালেহিন খাবার খাওয়ানোর ক্ষেত্রে অগ্রণী ছিলেন এবং তাঁরা এটাকে মহান ইবাদত মনে করতেন।

জনৈক সলফে সালেহিন বলেছেন: "দশজন সাথীকে দাওয়াত দিয়ে তাদের পছন্দসই খাবার খাওয়ানো আমার কাছে দশজন গোলাম আজাদ করার চেয়ে প্রিয়।"

সলফে সালেহিনের অনেকে নিজের ইফতার অন্যকে খাওয়াতেন। এদের মধ্যে রয়েছেন- ইবনে উমর, দাউদ আল-তাঈ, মালিক বিন দিনার, আহমাদ ইবনে হাম্বল। ইবনে উমর এতিম ও মিসকীনদের সঙ্গে না নিয়ে ইফতার করতেন না।

সলফে সালেহিনদের কেউ কেউ তাঁর নিজের ইফতার তার সঙ্গী সাথীদেরকে খাওয়াতেন এবং নিজে তাদের খেদমত করতেন। এদের মধ্যে অন্যতম- ইবনুল মুবারক।

আবু সাওয়ার আল-আদাওয়ি বলেন:

বনি আদি গোত্রের লোকেরা এই মসজিদে নামায পড়ত। তাদের কেউ কখনো একাকী ইফতার করেনি। যদি তার সাথে ইফতার করার জন্য কাউকে সাথে পেত তাহলে তাকে নিয়ে ইফতার করত। আর যদি কাউকে না পেত তাহলে নিজের খাবার মসজিদে

নয়িে এসে মানুষরে সাথে খতে এবং মানুষকওে খতেে দতি।

খাবার খাওয়ানোর ইবাদতরে মাধ্যমে আরও অনকেগুলো ইবাদত পালতি হয়:

নমিন্ত্রতি ভাইদরে সাথে হৃদ্যতা ও ভালবাসা। যে হৃদ্যতা ও ভালোবাসা জান্নাতে প্রবশেরে কারণ। যমেনটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: “তোমেরা ঈমান আনা ছাড়া জান্নাত যতেে পারবে না। আর পারস্পারকি ভালোবাসা ছাড়া তোমাদরে ঈমান হবে না।”[সহহি মুসলমি (৫৪)] দাওয়াত খাওয়ানোর মাধ্যমে নকে লোকদরে সাহচর্য অর্জতি হয় এবং আপনার খাবার খয়েে তারা নকেকাজরে শক্তি পায়, এতে আপনার সওয়াব হয়।